



भारतीय रिज़र्व बैंक  
RESERVE BANK OF INDIA  
www.rbi.org.in

RBI/2016-17/41  
FIDD.CO.FSD.BC.11/05.10.007/2016-17

আগস্ট 25, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য নির্বাহী আধিকারিক

সকল তফশীলভূক্ত বাণিজ্যিক ব্যাংক

(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যতীত)

মহাশয়া/ প্রিয় মহাশয়

**প্রধান মন্ত্রী ফসল বীমা যোজনা (PMFBY)-কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক( MoA &FW) –এর শস্য বীমা পোর্টালে ব্যাংক শাখাগুলির দ্বারা তথ্যের অ-পূরণ**

অনুগ্রহ করে আমাদের সার্কুলার FIDD.No.FSD.BC20/05.10.007/2015-16 dated March 17, 2016 দেখুন, যেখানে আপনাদের প্রধান মন্ত্রী ফসল বীমা যোজনার অনুবিধিগুলির কঠোর অনুপালন নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছিল এবং এই প্রকল্পের অধীনে সজ্জায়িত উদ্দেশ্য এবং লক্ষ্য অর্জন করার জন্য প্রকল্পের আওতায় 100 শতাংশ ঋণগ্রহণকারী এবং অধিকতর সংখ্যায় ঋণগ্রহণ করছেন না এমন কৃষকদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে বলা হয়েছিল।

2. ভারত সরকারের PMFBY প্রয়োগ পদ্ধতির নির্দেশিকা অনুসারে প্রত্যাশিত ছিল যে ব্যাংকগুলি ঋণগ্রহণকারী এবং ঋণগ্রহণ করছেন না এমন কৃষকদের, যারা ব্যাংক শাখার মধ্যস্থতায় শস্য বীমার সহায়তা নিচ্ছেন, তাদের সম্বন্ধিত সমস্ত তথ্য, জমি ও শস্যের বিবরণ সহ লিপিবদ্ধ করবে।

3. অতঃপর কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক( MoA &FW), সমস্ত ব্যাংককে নির্দেশ দিয়েছে, কৃষকের যাবতীয় তথ্য শস্য বীমার সমন্বিত পোর্টালে অন্তর্ভুক্ত করতে যা পাওয়া যাবে [www.agri-insurance.gov.in](http://www.agri-insurance.gov.in) ওয়েবসাইটে এই বিষয়ে আমাদের জানানো হয়েছে যে ব্যাংকগুলি পোর্টালে তথ্য অন্তর্ভুক্ত করছে না এর ফলে MoA &FW এবং রাজ্যসরকার প্রভৃতি তথ্য বাছাই করতে পারছে না, যার জন্য বীমাকৃত শস্যের ক্ষতিপূরণ, কেটে নেওয়া কিস্তির পরিমাণ ইত্যাদির নির্ধারণে অসুবিধা হচ্ছে। আপনাদের শাখাগুলিকে সম্বন্ধিত তথ্য, যত শীঘ্র সম্ভব, পোর্টালে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশ দিতে আপনাদের অনুরোধ করা হচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(উমা শঙ্কর)

মুখ্য মহা প্রবন্ধক